[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আত্মহত্যার চেষ্টা চালিয়ে ব্যার্থ হয়েছে।

সোমবার সকালে সে ভুট্টা ক্ষেতে দেয়া কীটনাশক পান করে সে। পরিবারের লোকজন টের পেয়ে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। ওই যুবক মেহেরপুরের গাংনীর রুয়েরকান্দি গ্রামের মালেশিয়া প্রবাসী শহিদুল ইসলামের ছেলে ও গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের প্রথম বর্ষের ছাত্র।

স্বপনের নানী জরিনা খাতুন জানান, স্বপন তার সহপাঠি প্রতিবেশী সাহেব আলীর মেয়ে জান্নাতুল ফেরদৌসের সাথে প্রেমজ সম্পর্কে জড়িয়ে পড়ে। প্রায় দু’বছর যাবত উভয়ের মাঝে মন দেয়া নেয়ার বিষয়টি স্বপনের পরিবারের লোকজন জেনে যায়। এনিয়ে প্রেমিকার পরিবারের সাথে বেশ কয়েকবার দ্বন্দ্বও হয়। কয়েকদিন আগে স্বপন তার পরিবারের কাছে প্রেমিকার সাথে বিয়ের দাবী তোলা।

এ দাবী প্রত্যাক্ষান করায় অভিমানে আত্মহত্যার জন্য কীটনাশক পান করে স্বপন। কীটনাশক পান করার পর মোবাইল ফোনে স্বপন তার পিতা শহীদুল ইসলামকে কীটনাশক পান করার বিষয়টি জানালে শহীদুল ইসলাম বাড়িতে জানায়। পরিবারের লোকজন স্বপনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। প্রয়োজনীয় চিকিৎসা দেয়ার পর স্বপন আশংকামুক্ত বলে জানিয়েছেন জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক আবির হাসান।

গাংনীর তেঁতুলবাড়িয়া থেকে সুদ ব্যবসায়ী হাতেম আটক

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে অভিযান চালিয়ে হাতেম আলি নামের এক সুদ কারাবারিকে আটক করেছে পুলিশ।

রবিবার বিকেল ৫ টার সময় গাংনী থানা পুলিশের তদন্ত কর্মকর্তা মনোজ কুমারের নেতৃত্বে এস আই আশিকুর রহমান, এস আই মাসুদ, এ এস আই জাহিদ সঙ্গীয় ফোর্স সহ অভিযান পরিচালনা করেন। সুদ কারবারি হাতেম আলি ঐ গ্রামের মৃত হারেজ উদ্দিনের ছেলে।

এ সময় হাতেম আলির বসত বাড়ির নিজ কার্যালয়ে তল্লাশী চালিয়ে নগদ দেড় লক্ষ টাকা, ৮টি সোনার চেইন, ১৪ জোড়া কানের দুল, ২টি লকেট, ২ আংটি, তামার উপর সোনার প্রলেপ দেওয়া ৬ টি হাতের বালা, স্বাক্ষরিত ফাঁকা নন জুডিশিয়াল ষ্ট্যাম্প ১২টি ও বিভিন্ন ব্যংকের স্বাক্ষরিত ৯টি ব্ল্যাংক চেক উদ্ধার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক জানান, গোপন সংবাদের ভিত্তিতে এক সুদ ব্যবসায়ীকে আটকের পর তার বাড়িতে অভিযান চালিয়ে স্বর্ণ, সাদা স্ট্যাম্প ও ব্ল্যাংক চেক উদ্ধার করা হয়েছে। মামলা দায়ের এর পূর্বক আসামিকে কোর্টে প্রেরণ করা হবে।

বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সাংস্কৃতিক ও নবীন বরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন ছাত্রীদের বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শুরুতেই নবীন ছাত্রীদের ফুল দিয়ে বরণ ও জাতীয় সংগীত পরিবেশনের মধ্যে দিয়ে অনুষ্ঠানটি শুরু করা হয়।

রবিবার (১৯ই মার্চ) সকাল সাড়ে ১০টার দিকে বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আবুল বাশারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল।

বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্য বক্তব্য প্রদানের সময় চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল বলেন, একটা সময় আমাদের মেয়েরা অনেক পিছিয়ে ছিলো কিন্তু আজ পুরুষের পাশাপাশি নারীরা অনেক এগিয়ে। বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নারীদের আত্নমর্যাদা অর্জনের সুযোগ করে দিয়েছে। তাই আমাদের আজকের এই মেয়েরা আগামী দিনের ভবিষ্যত; প্রত্যাককে সুনাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

স্বাধীনতার ইতিহাস সম্পর্কে অবগত হয়ে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হতে হবে। দেশ ও জাতির কল্যানে বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা অগ্রণী ভূমিকা রাখবে সেটাই আমার প্রত্যাশা।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুর রহিম খান। এসময় বিদ্যালয়টির শিক্ষক ও অভিভাবকবৃন্দ উপস্থিতি ছিলেন।

গাংনীতে ডা.সাগরের উদ্যাগে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

মেহেরপুরের গাংনী আওয়ামীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি সাবেক সংসদ সদস্য মরহুম নুরুল হক এর পুত্র ডা. এ এস এম নাজমুল হক সাগরের উদ্যোগে জাতি জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে গাংনী নিজ দলীয় কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে উপজেলা মধ্যস্থ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে, র্যালি একই স্থানে গিয়ে শেষ হয়।

নুরুল হক এর এর কন্যা খালেদা খানম ফেন্সি এর সভাপতিত্বে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সহ-সভাপতি শাজাহান আলীর সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান জিয়া, সহ-সভাপতি সাখাওয়াত হোসেন,নাসিম সরোয়ার বাবু,মটমুড়া কৃষক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল,জেলা ছাত্রলীগের উপ গবেষণা বিষয়ক সম্পাদক জয় আহমেদউপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না, তরিকুল ইসলাম উজ্জ্বল, রাসেল রানা, হাফিজুর রহমান হাফি। মটমুড়া ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, সাবেক ছাত্রনেতা চপল ও কনক উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও কেক কাটা হয়।

গাংনীতে ৩ কেজি গাঁজা ও মোটরসাইকেল উদ্ধার

পুলিশের হাতে গ্রেপ্তার এড়াতে তিন কেজি গাঁজা ও একটি মোটরসাইকেল ফেলে পালিয়েছে দুই মাদক কারবারী।

মঙ্গলবার সকালে মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া এলাকায় এ ঘটনাটি ঘটে। পুলিশ মাদক কারবারী অজ্ঞাত দুজনকে আসামী করে একটি মামলা দায়ের করে। ওই মামলায় গাঁজা ও মোটরসাইকেলটি জব্দ দেখানো হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সীমান্ত এলাকা থেকে মোটরসাইকেল যোগে দুজন মাদক কারবারী আসছে মর্মে সংবাদের ভিত্তিতে গাংনী থানার এসআই আবুল কালাম আজাদ ও সঙ্গীয় ফোর্স ভাটপাড়া গ্রামের ইকোপার্ক সড়কে অবস্থান নেন। এ সময় মোটরসাইকেল আরোহী দুই ব্যক্তির গতিবিধি সন্দেহ হলে পুলিশ তাদের থামার সংকেত দেয়। পুলিশের সংকেত পেয়ে তারা একটি লাল রংয়ের অ্যাপাচি ফোর ভি মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। যার রেজিস্ট্রেশন নং মেহেরপুর ল-১১-৭৬৬২।

ওসি আরো জানান, মোটর সাইকেলের মালিক ও মাদক কারবারীদেরকে সনাক্ত করে গ্রেফতারের চেষ্টা চলছে।

গাংনীতে স্কুল ছাত্রীসহ দু’জনের আত্মহত্যা

মেহেরপুরের গাংনীর পৃথক স্থানে গেল ২৪ ঘন্টায় এক শিক্ষার্থীসহ দু’জন গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। পারিবারিক কলহ ও অভিমানে

এ আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে পারিবারিক সুত্র দাবী করেছে।

আত্মহননকারীরা হচ্ছে- গাংনীর উত্তরপাড়ার হযরত আলীর ছেলে রাজমিস্ত্রী তারিকুজ্জামান (১৬) ও পুরাতন মটমুড়া গ্রামের নূর মোহাম্মদের মেয়ে স্কুল ছাত্রি রুপালি খাতুন (১৪)। এ ব্যাপারে গাংনী থানায় দুটি অপমৃত্যু মামলা হয়েছে।

জানা গেছে, তারিকুজ্জামান রাজমিস্ত্রীর কাজ করতো। বেশ কিছুদিন যাবত মোটরসাইকেল কিনে দেয়ার জন্য সে তার পরিবারের কাছে বায়না ধরে। পরিবারের লোকজন মোটর সাইকেল কিনে না দেয়ায় গতকাল মঙ্গলবার ১১টার দিকে নিজ শয়ন কক্ষের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।

অপরদিকে গত সোমবার রাতে নিজ শয়ন কক্ষের আড়ার সাথে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে স্কুলছাত্রী রূপালী খাতুন। বেশ কয়েকদিন যাবত তাদের পারিবারিক কলহ চলছিল। চাচাতো ভাইয়ের বিয়ে উপলক্ষে পরিবারের লোকজন কনের বাড়িতে গেলে আত্মহত্যা করে সে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এ ঘটনায় গাংনী থানায় দুটি অপমৃত্যু মামলা হয়েছে। কোন অভিযোগ না থাকায় স্বাভাবিকভাবে দাফনের অনুমতি দেয়া হয়।

গাংনীতে ৬০ কেজি ওজনের মিস্টি কুমড়া উৎপাদন করে কৃষকের বাজিমাত

পুকুর পাড়ের পরিত্যাক্ত নিজের জমিতে ৬০ কেজি ওজনের মিষ্টিকুমড়া উৎপাদন করে তাক লাগিয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলার জুগিরগোফা গ্রামের কৃষক সাইফ আহাম্মেদ। উচ্চ ফলনশীল দেশীয় জাতের এ মিষ্টি কুমড়া দেখতে আসছেন বিভিন্ন কৃষকসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অ ল কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি প্রযুক্তি মেলা ২০২৩ এর

করা হচ্ছে বলে জানান মেলা অংশ গ্রহনকারি সুমিতা খাতুন।

গাংনী উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শিকদার মোহাম্মদ মহাইমেনুল আক্তার বলেন, মেহেরপুর জেলার মাটি সবজি উৎপাদনের জন্য খুবই উপযোগী। যে কোন সবজি এ মাটিতে ভাল ফলণ পাওয়া সম্ভব। জেলায় হাইব্রীডসহ দেশীয় বারি-৩,বারি-২,বারি-৭,হাজরি,জলদি,মিটাল মিষ্টিকুমড়ার আবাদ হয়ে থাকে। কৃষক সাইফ আহাম্মেদ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিদের্শনা অনুযায়ী এক িই জমি ফেলে না রেখে পুকুর পাড়ে মিষ্টিকুমড়ার চাষ করেছেন। এতে একটি গাছে ৬০ কেজি ওজনের মিষ্টিকুমড়া হয়েছে। এটিই আমাদের জানামতে সবচেয়ে বেশি ওজন ও বড় সাইজের মিষ্টি কুমড়া। তিনি অন্যান্য কৃষকদেরকে পুকুর পাড়া ও বসত বাড়ির আঙ্গিনা ফেলে না রেখে সবজি উৎপাদনের পরামর্শ দেন।

গাংনীতে প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন

“মানসম্মত প্রাথমিক শিক্ষা, স্মার্ট বাংলাদেশ গড়ার দীক্ষা” প্রতিপাদ্যে মেহেরপুরের গাংনীতে প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার বেলা সাড়ে ১১ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) রনী খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার নাছির উদ্দিন। বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু। এসময় সহকারী উপজেলা শিক্ষা অফিসারসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক উপস্থিত ছিলেন।

গাংনীতে কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে কৃষি প্রযুক্তি মেলা ২০২৩ এর উদ্বোধন করা হয়েছে। ‘‘কৃষিই সমৃদ্ধ’’ এ প্রতিপাদ্যে সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা অডিটোরিয়াম চত্বরে দুই দিন ব্যাপী কৃষি প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হয়।

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি প্রযুক্তি মেলার আয়োজন করে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রপ্ত) রনি খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। এসময় গাংনী উপজেলা পরিষদেও ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, কৃষি অফিসার কৃষিবিদ শিকদার মোহাম্মদ মহাইমেনুল আক্তার, সাবেক কৃষি বিষয়ক সম্মপাদক শহিদুল ইসলাম, এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান উপস্থিত ছিলেন।

কৃষি প্রযুক্তি মেলায় ১০টি কৃষি ভিত্তিক স্টল সাজানো হয়। স্টলে কৃষিকে আরও সমৃদ্ধ করতে নানা প্রযুক্তি তুলে ধরেন মেলায় অংশ গ্রহন করেন।